

## গুগলের নতুন ফিচারে সহজেই খুঁজে পাবেন সবকিছু

- A Monitor Desk Report

Date: 21 January, 2024



একের পর এক ফিচার যুক্ত করছে বিশ্বের অন্যতম জনপ্রিয় সার্চ ইঞ্জিন গুগল। এবার ব্রাউজিংকে আরও সহজ করতে নতুন দু'টি ফিচার নিয়ে আসছে গুগল। ফিচার গুলো হলো- সার্কেল টু সার্চ এবং মাল্টি সার্চ এক্সপেরিয়েন্স।

### সার্কেল টু সার্চ ফিচার কী?

গুগলের সার্কেল টু সার্চ ফিচারটি মূলত গুগল লেন্সের মতোই কাজ করে। সার্কেল টু সার্চ ছবির মধ্যে একটি নির্দিষ্ট বিষয় নিয়েও সার্চ করতে দেয়। এই সার্কেল টু সার্চ ব্যবহার করতে হলে, যে ছবি সার্চ করতে চান সেই ছবির সাবজেক্টের উপর একটি বৃত্ত তৈরি করতে হবে। তারপরে, গুগল আপনাকে সেই বিষয় সম্পর্কিত ফলাফলগুলো দেখাবে। বৃত্ত তৈরি করার পাশাপাশি ট্যাপ করেও যেকোনো কিছু সার্চ করতে পারবেন।

এই পুরো সার্চ কোনো অ্যাপ সুইচ না করেই হবে। যেমন, আপনার গ্যালারিতে যদি কোনো ছবি থাকে, তাহলে সেটি নিয়ে সার্চ করার জন্য আপনাকে গুগল অ্যাপে যেতে হবে না। ছবি ছাড়াও ভিডিওতেও কাজ করবে এই ফিচার। গুগলের সার্কেল টু সার্চ ফিচারটি গত ৩১ জানুয়ারি ২০২৪ থেকে পিক্সেল ফোন এবং কিছু প্রিমিয়াম অ্যান্ড্রয়েড ফোনে পাওয়া যাবে। অ্যান্ড্রয়েড ফোনের হোম বাটনে কিছুক্ষণ চাপ দিয়ে রাখলেই সার্চ টু সার্কেল ফিচারটি সক্রিয় চালু হয়ে যাবে।

### মাল্টিসার্চ ফিচার

ব্যবহারকারীদের সার্চ অভিজ্ঞতা আগের চেয়ে দূত ও উন্নত করতে মাল্টি সার্চ ফিচারটি চালু করা হয়েছে। এই ফিচারে টেক্সট, ছবি এবং স্ক্রিনশট সাপোর্ট করবে। এর সাহায্যে আপনি এআই জেনারেটেড ফলাফল পেতে পারেন। আগামী সপ্তাহেই এই ফিচার চালু করা হবে। এটি গুগল লেন্স বা গুগল অ্যাপের মাধ্যমে সক্রিয় করা যেতে পারে। এতে সার্চ জেনারেটিভ এক্সপেরিয়েন্স (এসজিই) সাপোর্ট করবে।

